

৬ দৈনিক ইনকিলাব

# আল্লাহু বুরহান

বিহ্মিল্লাহিন্ন রাহমানিন্ন রাহীম  
 পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

॥ ২৮ ॥ আল্লাজিনা আমানু ওয়া তাহ্মায়িন্ন কুলুবুহম  
 বিজিকরিলাহ, আলা বিজিকরিলাহি তাহ্মায়িন্মুল  
 কুলুব।

(যারা ঈমান আনে এবং যাদের অন্তর আল্লাহর নাম স্মরণে শান্তি  
 অনুভব করে, জেনে রেখ, আল্লাহর নাম স্মরণেই দিলের শান্তি  
 হয়।)

[পারা ১৬, সূরা বুরহান, রুকু ৪, আয়াত ২৮]  
 ॥ ৭৫ ॥ ওয়া মাইয়াতিহি মুমিনান্ ক্বাদ আমিলাছ ছালিহতি  
 ফাউলাইকা লাহমুদ দারাজাতুল উলা।

(আর সে ব্যক্তি আল্লাহর নিকট মুমেন হয়ে উপস্থিত হবে এবং  
 সৎকাজ করে যাবে, এ সকল লোকের জন্য অত্যন্ত উচ্চ সম্মানের  
 পদ রয়েছে।)

[পারা ১৬, সূরা ছাহ, রুকু ৩, আয়াত ৭৫]  
 ॥ ৯৩ ॥ ওয়া ক্বলিল্ হামদু লিল্লাহি ছাইউরিকুম আইয়াতিহি  
 ফাতারিফু নাহা, ওয়ামা রাব্বুকা বিগ্বাফিলিন্ আন্মা  
 তা মালুন।

(এবং বলুন, সকল প্রশংসা আল্লাহর জন্য, শ্রীযুই তিনি  
 তোমাদেরকে স্বীয় নির্দেশাবলী দেখাবেন এবং তোমরা তা চিনতে  
 পারবে; আর তোমরা যা কিছুই করনা কেন আপনার  
 প্রতিপালকের কিছুই অজানা নেই।)

[পারা ২০, সূরা নমল, রুকু ৭, আয়াত ৯৩]